

- খ) ক্রিয়ামূল ও ক্রিয়াবিভক্তি
গ) গম্ ও গর্হ ধাতু
ঘ) স্বয়ংসিদ্ধ ও মৌলিক ধাতু

২০. কোন ধাতুর ক্রিয়াপদ উহ্য থাকে?

- ক) কর খ) দা
গ) পড় ঘ) আছ

২১. 'খোকাকে তুমি কাঁদিয়ে না' - বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

- ক) সমধাতুজ খ) সক্রমক
গ) প্রযোজক ঘ) যৌগিক

২২. কোন বাক্যটিতে অসমাপিকা ক্রিয়া আছে?

- ক) এ নদীতে প্রচুর মাছ আছে
খ) আমরা হাত মুখ ধুয়ে বেড়াতে বের হব
গ) রূপকথার গল্প শোন
ঘ) তুমি কোথায় যাচ্ছ

২৩. বাক্যের ক্রিয়াপদ ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে, এ কর্মপদকে বলে -

- ক) দ্বিকর্মক ক্রিয়া খ) গৌণ কর্ম
গ) মুখ্য কর্ম ঘ) সমধাতুজ কর্ম/ধাতুর্ধক

২৪. "তোমাকে দেখে প্রীত হলাম" - কোন ক্রিয়ার উদাহরণ?

- ক) যৌগিক ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া
গ) মিশ্র ক্রিয়া ঘ) অনুক্ত ক্রিয়া

২৫. আদেশ, উপদেশ, নিষেধ- এগুলো ক্রিয়ার কোন ভাব?

- ক) সাপেক্ষ ভাব খ) অনুজ্ঞা ভাব
গ) নির্দেশক ভাব ঘ) আকাজক্ষা ভাব

২৬. কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া আছে?

- ক) এ নদীতে প্রচুর মাছ আছে
খ) আমরা হাত-মুখ ধুয়ে বেড়াতে বের হব
গ) রূপকথার গল্প শোন
ঘ) তুমি কোথায় যাচ্ছ

২৭. "যত্ন করলে রত্ন মিলে" - এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?

- ক) অনুক্ত খ) দ্বিকর্মক
গ) সমাপিকা ঘ) অসমাপিকা

২৮. ব্যক্তিব্যাক্য কর্মপদটিকে কোন কর্ম বলে?

- ক) মুখ্য কর্ম খ) গৌণকর্ম
গ) সমধাতুজ কর্ম ঘ) ধাতুর্ধক কর্ম

২৯. কখনো বাক্যে ক্রিয়াপদ উহ্য বা অনুক্ত থাকতে পারে। কোনটি এর উদাহরণ?

- ক) কবির বই পড়ছে খ) ছেলেটা কথা শোনে

- গ) ইনি আমার ভাই ঘ) তোমার মা কেমন আছেন

৩০. কোনটি প্রযোজক ক্রিয়ার উদাহরণ?

- ক) কঞ্চিটি বাঁকিয়ে ধর খ) সাইরেন বেজে উঠল
গ) খোকাকে কাঁদিয়ে না ঘ) আকাশে চাঁদ দেখি নি

৩১. আকাজক্ষার ভাব কোনটি?

- ক) স্বাস্থ্যের প্রতি লক্ষ রেখো খ) মানুষ হও
গ) তুমি আসবে ঘ) বাংলাদেশ চিরজীবী হউক

৩২. কোনটি বিভক্তিয়ুক্ত ক্রিয়ার দ্বিত্ব প্রয়োগের উদাহরণ?

- ক) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে
খ) এখন আমি যেতে চাই
গ) লোকটাকে দৌড়াতে দেখলাম
ঘ) কাটিতে কাটিতে ধান এল বরষা

৩৩. সক্রমক ক্রিয়ার অক্রমক রূপ কোনটি?

- ক) লোকটি চোখে দেখে না খ) ছেলেটি কথা বোঝে না
গ) পাখি ওড়ে ঘ) সে পথে ভিক্ষা করে

৩৪. দার্শনিক সত্য প্রকাশে 'ইলে' বিভক্তিয়ুক্ত অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে কোন বাক্যটিতে?

- ক) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে
খ) একবার মরলে কি কেউ করে
গ) দুইটা বাজলে স্কুল ছুটি হবে
ঘ) জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা রবে

৩৫. "আমার আর থাকা হয়ে উঠলো না" - বাক্যটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) সামান্য অর্থে খ) অবিরাম অর্থে
গ) সম্ভাবনা অর্থে ঘ) অভ্যাস অর্থে

৩৬. কোন ক্রিয়া ধাতুর সাথে বর্তমান, অতীত বা ভবিষ্যৎ কালের বিভক্তি যুক্ত হয়ে গঠিত হয়?

- ক) মিশ্র ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া
গ) সমাপিকা ক্রিয়া ঘ) অসমাপিকা ক্রিয়া

৩৭. 'সাপুড়ে সাপ খেলায়' বাক্যে প্রযোজ্য কর্তা কোনটি?

- ক) সাপুড়ে খ) সাপ
গ) উহ্য রয়েছে ঘ) ব্যবহার নেই

৩৮. কোন বাক্যটির ক্রিয়া অক্রমক?

- ক) আকাশে চাঁদ উঠেছে খ) বেশ এক ঘুম ঘুমিয়েছি
গ) চুপ করে থাক ঘ) মেয়েটি হাসে

৩৯. ক্রিয়াপদকে 'কী' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাকে কী বলে?

- ক) কর্মপদ খ) অব্যয় পদ
গ) সর্বনাম পদ ঘ) ক্রিয়া বিশেষণ

৪০. 'শিক্ষক ছাত্রদেরকে পড়াচ্ছেন' - বাক্যটি কোন ক্রিয়ার উদাহরণ?

- ক) ধনাত্মক ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া
গ) প্রযোজক ক্রিয়া ঘ) সমধাতুজ ক্রিয়া

৪১. কোন ক্রিয়া একটি অন্যটির উপর নির্ভরশীল?

- ক) নিষেধাত্মক ভাবের ক্রিয়া
খ) সাপেক্ষ ভাবের ক্রিয়া
গ) আদেশাত্মক ভাবের ক্রিয়া
ঘ) অনুরোধসূচক ভাবের ক্রিয়া

৪২. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।' - বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

- ক) নাম ধাতুর ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া
গ) যৌগিক ক্রিয়া ঘ) মিশ্র ক্রিয়া

৪৩. কোনটি বাক্যটিতে সমধাতুজ কর্ম আছে?

- ক) তুমি ঘুমিয়েই দিন কাটালে
খ) আজ বেশ এক ঘুম ঘুমালে
গ) এমন মেয়ে আর দেখি নি
ঘ) আমার দিন কেটে গেল

৪৪. 'তিনি ফিরে এলে সবকিছুর মীমাংসা হবে' বাক্যে ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) সম্ভাবনা অর্থে খ) অনুমোদন অর্থে
গ) নিরন্তরতা অর্থে ঘ) উদ্দেশ্য বুঝাতে

৪৫. নিচের কোন বাক্যটিতে আকাঙ্ক্ষা প্রকাশক ভাব ব্যক্ত হয়েছে?

- ক) অন্যান্য কাজ করবে না
খ) মিষ্টি মুখে মিষ্টি করে হাসুক
গ) পড়াশোনা করলে স্টার মার্ক নেয় কে
ঘ) আবার তোরা মানুষ হ

৪৬. ক্রিয়া সংঘটনের ধরন বা রীতিকে কী বলে?

- ক) ক্রিয়ার ভাব খ) ক্রিয়ার কাল
গ) ক্রিয়ার বাচ্য ঘ) ক্রিয়ার অনুজ্ঞা

৪৭. ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে কয় ভাগে ভাগ করা যায়?

- ক) দুই ভাগে খ) তিন ভাগে
গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে

৪৮. 'আমরা বই পড়ি' - এখানে 'পড়ি' ক্রিয়া কোন ভাবের উদাহরণ?

- ক) সাধারণ নির্দেশক ভাব খ) সাপেক্ষ ভাব
গ) উপদেশাত্মক ভাব ঘ) প্রশ্ন জিজ্ঞাসা ভাব

৪৯. নিচের কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?

- ক) ছেলেটি বই পড়ে না খ) আকাশে চাঁদ ওঠে নাই

গ) এত রাতে বাইরে যাব না ঘ) ভৃত্যকে ভয় পাই না

৫০. কোন বাক্যটিতে সমধাতুজ/ধাতুর্ধক কর্ম রয়েছে?

- ক) আমি ঘুম থেকে জেগেছি
খ) এমন সুখের মরণ কে মরতে পারে
গ) আর কেঁদো না
ঘ) দুধকে মোরা দুগ্ধ বলি

৫১. 'বিদ্যুৎ চমকাবে' - কোন ক্রিয়া?

- ক) যৌগিক খ) প্রযোজক
গ) নাম ধাতুর ঘ) মিশ্র

৫২. দেখা, শোনা কোন পদ?

- ক) ক্রিয়া খ) বিশেষ্য
গ) বিশেষণ ঘ) অব্যয়

৫৩. 'ঘটনাটা শুনে রাখ' - বাক্যে কোন ক্রিয়া রয়েছে?

- ক) অকর্মক খ) যৌগিক
গ) প্রযোজক ঘ) মিশ্র

৫৪. 'আমি আহা করিলাম।' এখানে সমাপিকা ক্রিয়ার পূর্বে কোন পদ যুক্ত হয়ে একত্রে মিশ্র ক্রিয়া গঠন করেছে?

- ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ধনাত্মক অব্যয় ঘ) নাম পদ

৫৫. পূর্ণাঙ্গ বাক্য গঠন করতে হলে কোন ক্রিয়া অবশ্যই ব্যবহার করতে হয়?

- ক) যৌগিক ক্রিয়া খ) অসমাপিকা ক্রিয়া
গ) সমাপিকা ক্রিয়া ঘ) কোনোটিই নয়

৫৬. কোন বাক্যটিতে সাকর্মক ক্রিয়ার ব্যবহার হয়েছে?

- ক) বেশ ঘুমিয়েছি খ) ছেলেটা কানে শোনে না
গ) ছেলেটা কথা শোনে ঘ) আমি রাতে খাব না

৫৭. ধাতুর্ধক কর্ম রয়েছে কোন বাক্যে?

- ক) নাসিমা ফুল তুলছে
খ) সাপুড়ে সাপ খেলায়
গ) বেশ এক ঘুম ঘুমিয়েছি
ঘ) বাবা আমাকে একটা কলম দিলেন

৫৮. 'কাটিতে কাটিতে ধান এল বরষা।' - এই বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) সমকাল খ) নিরন্তরতা
গ) সমাপ্তি ঘ) সূচনা

৫৯. 'এখন গোল্লায় যাও' - কোন ক্রিয়ার উদাহরণ?

- ক) যৌগিক ক্রিয়া খ) মিশ্র ক্রিয়া
গ) প্রযোজক ক্রিয়া ঘ) অসমাপিকা ক্রিয়া

৬০. “বৃষ্টি আসে আসুক” - বাক্যের ক্রিয়াপদটি কোন ভাব প্রকাশ করে?

- ক) সাপেক্ষ ভাব খ) নির্দেশক ভাব
গ) আকাঙ্ক্ষা প্রকাশক ভাব ঘ) অনুজ্ঞা ভাব

৬১. বাক্যে সাধারণত কোন দুটি ধাতু দ্বারা গঠিত ক্রিয়াপদ উহ্য থাকে?

- ক) আছ এবং কহ খ) হ্ এবং কহ
গ) হ্ এবং আছ ঘ) কহ এবং ল

৬২. সমধাতুজ কর্মপদ অকর্মক ক্রিয়াকে কোন ক্রিয়ায় রূপান্তরিত করে?

- ক) সমাপিকা ক্রিয়ায় খ) দ্বিকর্মক ক্রিয়ায়
গ) সকর্মক ক্রিয়ায় ঘ) অসমাপিকা ক্রিয়ায়

৬৩. কোন বাক্যটিতে নির্দেশক ভাব প্রকাশ পেয়েছে?

- ক) আপনি কি আসবেন খ) মিথ্যা বলবে না
গ) শিক্ষককে মান্য করবে ঘ) মানুষ হও

৬৪. দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্মটিকে কী বলা হয়?

- ক) অপ্রধান কর্ম খ) গৌণ কর্ম
গ) ধাতুর্ধক কর্ম ঘ) মুখ্য কর্ম

৬৫. ‘বাম্ব বাম্ব বৃষ্টি পড়ছে’ কোন ক্রিয়ার উদাহরণ?

- ক) যৌগিক খ) মিশ্র
গ) নামধাতু ঘ) প্রযোজক

৬৬. সমাপিকা ক্রিয়া কিভাবে গঠিত হয়?

ক) ধাতুর সঙ্গে বর্তমান, অতীত ও ভবিষ্যৎ কালের বিভক্তি যুক্ত হয়ে

- খ) ধাতুর সঙ্গে কাল নিরপেক্ষ বিভক্তি যুক্ত হয়ে
গ) ধাতুর সঙ্গে বর্তমান কালের বিভক্তি যুক্ত হয়ে
ঘ) ধাতুর সঙ্গে অতীত কালের বিভক্তি যুক্ত হয়ে

৬৭. “তিনি গেলে কাজ হবে” - এখানে অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) কার্যপরম্পরা খ) সাপেক্ষতা
গ) বিশ্ময়জ্ঞাপক ঘ) সম্ভাবনার বিকল্প

৬৮. সাধারণ ঘটনা বর্ণনা করলে বা কোনো কিছু জিজ্ঞাসা করলে ক্রিয়াপদের যে ভাব হয় তাকে কী বলে?

- ক) ক্রিয়ার ভাব খ) অনুজ্ঞা ভাব
গ) নির্দেশক ভাব ঘ) সাপেক্ষ ভাব

৬৯. ধন্যাত্মক অব্যয়ের পরে মৌলিক ধাতু যুক্ত হয়ে কোন ক্রিয়া গঠিত হয়?

- ক) প্রযোজক খ) মিশ্র
গ) যৌগিক ঘ) নাম ধাতুর

৭০. ক্রিয়ার নির্দেশক ভাবের উদাহরণ কোনটি?

- ক) মিথ্যে বলবে না
খ) আল্লাহ তোমার মঙ্গল করুন
গ) তুমি কি বাড়ি যাবে?
ঘ) পড়লে ভালো ফলাফল করতে পারবে

৭১. কোন বাক্যটির ক্রিয়া সকর্মক?

- ক) সন্ধ্যা হল
খ) আকাশে চাঁদ দেখা যায়
গ) আকাশে চাঁদ যেন মাটিতে নেমেছে
ঘ) শিশুটি কাঁদছে

৭২. অনুজ্ঞ ক্রিয়াপদ দ্বারা গঠিত বাক্য কোনটি?

- ক) বাগানে ফুল ফুটেছে খ) নদীতে নৌকা চলছে
গ) রোদ উঠেছে ঘ) আকাশটা বেশ মেঘলা

৭৩. “বাগানে বেশ কমলা-লিচু ফলেছে” - এ বাক্যে ‘ফলেছে’ কোন ক্রিয়া?

- ক) প্রযোজক ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া
গ) মিশ্র ক্রিয়া ঘ) নামধাতুর ক্রিয়া

৭৪. ‘সাপেক্ষতা’ অর্থে অসমাপিকা ক্রিয়া ব্যবহারের সঠিক উদাহরণ কোনটি?

- ক) আজ গেলেও যা, কাল গেলেও তা
খ) তিনি গেলে কাজ হবে
গ) চারটা বাজলে স্কুল ছুটি হবে
ঘ) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে

৭৫. কোনটি মিশ্র ক্রিয়া?

- ক) এখন যেতে পার খ) অজগরটি ফেঁসাচ্ছে
গ) এখন গোল্লায় যাও ঘ) সাইরেন বেজে উঠল

৭৬. আমি চোখে দেখি না। বাক্যটির ক্রিয়া কীরূপ?

- ক) সকর্মক খ) অকর্মক
গ) দ্বিকর্মক ঘ) সমধাতুজকর্ম

৭৭. কোন বাক্যটি সাপেক্ষ ভাব প্রকাশ করছে?

- ক) আমাকে বইটি দাও
খ) যদি সে যেত, আমি আসতাম
গ) তোমার ইচ্ছা পূর্ণ হোক
ঘ) রেবা ভালো গান করে

৭৮. কোন ধাতুর সঙ্গে পুরুষ ও কালসূচক ক্রিয়াবিভক্তি যোগে সেই ক্রিয়াপদ গঠিত হয়?

- ক) দ্বিকর্মক ক্রিয়া খ) মিশ্র ক্রিয়া
গ) নামধাতুর ক্রিয়া ঘ) অকর্মক ক্রিয়া

৭৯. কোনটি মিশ্র ক্রিয়ার উদাহরণ?

ক) তাজমহল দর্শন করলাম খ) বাঁশি বাজে
গ) জনবল বসিয়ে রেখ না ঘ) কাজটি ভালো দেখায় না

ঘ) তুমি কোন কাননের ফুল

৮০. আর কত খেলা খেলবে - এ বাক্যে 'খেলা' -

ক) একটি ক্রিয়াপদ খ) সমধাতুজ কর্ম
গ) অসমাপিকা ক্রিয়া ঘ) দ্বিকর্মক ক্রিয়া

৯১. মূলকর্তার করণীয় কর্তা যাকে দিয়ে সম্পাদিত হয় তাকে কী বলে?

ক) মুখ্য কর্তা খ) প্রযোজক কর্তা
গ) প্রযোজ্য কর্তা ঘ) কর্মবাচ্যের কর্তা

৮১. প্রশ্ন জিজ্ঞাসায় ক্রিয়ার কোন ভাব হয়?

ক) নির্দেশক ভাব খ) সাপেক্ষ ভাব
গ) উপদেশাত্মক ভাব ঘ) আকাঙ্ক্ষা ভাব

৯২. কোন বাক্যে নির্দেশক ভাবের ক্রিয়া আছে?

ক) ছুপ কর খ) এক্ষুনি চলে যাও
গ) কোথাও যাও ঘ) সে যাক

৮২. পূর্ণাঙ্গ বাক্য গঠন করতে হলে কোন পদটি অপরিহার্য?

ক) ক্রিয়াপদ খ) বিশেষ্য পদ
গ) অব্যয় পদ ঘ) বিশেষণ পদ

৯৩. কোন বাক্যে মিশ্র ক্রিয়ার ব্যবহার করা হয়েছে?

ক) মাথা বিম্ বিম্ করছে খ) এখন যেতে পার
গ) সাইরেন বেজে উঠল ঘ) তিনি বলতে লাগলেন

৮৩. নির্দেশক ভাবের ক্রিয়া থাকে কোন ধরনের বাক্যে?

ক) প্রাথনামূলক খ) প্রশ্নবোধক
গ) আদেশমূলক ঘ) বিস্ময়সূচক

৮৪. পারভেজ বই পড়ে - এ বাক্যের ক্রিয়াটি -

ক) সকর্মক খ) অকর্মক
গ) দ্বিকর্মক ঘ) সমাপিকা

৮৫. এমন সুখের মরণ কে মরতে পারে - এখানে 'মরণ' কোন কর্ম?

ক) দ্বিকর্ম খ) অকর্ম
গ) প্রযোজক কর্ম ঘ) সমধাতুজ কর্ম

৮৬. "কাজটি শেষ করে দিলাম" - এ বাক্যের ক্রিয়া কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) সামর্থ্য খ) পূর্ণতা
গ) নিরন্তরতা ঘ) ক্রমশ

৮৭. ক্রিয়ার ভাব কত প্রকার?

ক) প্রকারবিহীন খ) দুই প্রকার
গ) তিন প্রকার ঘ) চার প্রকার

৮৮. অসমাপিকা ক্রিয়া নিচের কোন বাক্যে আছে?

ক) আমরা মেলায় যাই
খ) সেই বেশি চায়
গ) গান গেয়ে তরী বেয়ে কে আসে পাড়ে
ঘ) মামা এসেছেন

৮৯. "তিনি চমৎকার বলতে পারেন" - বাক্যের ক্রিয়াটি -

ক) মিশ্র ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া
গ) অনুক্ত ক্রিয়া ঘ) নামধাতুজ ক্রিয়া

৯০. কোনটিতে প্রযোজক ক্রিয়া আছে?

ক) তিনি ছেলেকে পড়াচ্ছেন
খ) তোমাকে অনেকবার বলেছি
গ) একি কথা শুনি